

## অবসরের বয়স ৬৭ করার দাবি জাবি শিক্ষকদের

■ সমকাল প্রতিবেদক  
দুই বছর বেশি চাকরির সুযোগ চান জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষকরা। এ জন্য অবসরের সময়সীমা ৬৫ থেকে বাড়িয়ে ৬৭ বছর নির্ধারণে সরকারের কাছে দাবি জানিয়েছেন তারা।

গতকাল রোববার সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে সাক্ষাৎ করে শিক্ষকদের একটি প্রতিনিধি দল এ দাবি জানায়। প্রতিনিধি দলে নেতৃত্ব দেন জাবি উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম।

বিশ্ববিদ্যালয়ের সিনেটে শিক্ষকদের চাকরির অবসরের বয়স আরও দুই বছর বাড়ানোর দাবি উঠেছে বলে শিক্ষকরা শিক্ষামন্ত্রীকে জানান।

পরে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের বলেন, 'তাদের দাবি অযৌক্তিক বলে উড়িয়ে দেইনি। বাড়ালে সব

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়স বাড়াতে হবে। আমরা তাদের দাবি ওনেছি, এ ব্যাপারে আলোচনা করব।' তিনি বলেন, 'চাকরির অবসরের বয়স বাড়ালে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি এবং আইন পাস করতে হবে। বিষয়টি আমরা গুরুত্বের সঙ্গে দেখব।'

■ নুরুল ইসলাম নাহিদ জানান, এর আগে প্রথমে চারটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়স ৬০ থেকে ৬৫ বছর করা হয়। পরে সব বিশ্ববিদ্যালয়ের জন্য আইন করে একই বয়সসীমা করা হয়েছিল।

মন্ত্রী জানান, প্রতিনিধি দলের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ও মান বজায় রাখার জন্যও শিক্ষকদের তাগিদ দেওয়া হয়েছে।